

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	
গণপূর্ত ই/এম পূর্ত আই এম বিভাগ-২, ঢাকা।	
কার্যক্রম নং:	তারিখ: ২৭/১০/২৪
২৬০০	২৪
	N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রধান প্রকৌশলীর কার্যালয়  
 গণপূর্ত অধিদপ্তর  
 হিসাব শাখা-১  
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
 www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১৭.২১.৮৫৮

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০

২০ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "ঢাকার গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি পরিত্যক্ত বাড়ীতে ৩৯৮টি (সংশোধিত ৩১১টি) সরকারী আবাসিক ফ্ল্যাট নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড নং-২২৪০৩০৯০০) অনুকূলে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে ১ম কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য মূলধন খাতে ১ম কিস্তি বাবদ ১২০০.০০ লক্ষ (বার কোটি) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কোড/খাতের বিবরণ		অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)		
		কোড নং	খাতের নাম	রাজস্ব	মূলধন	মোট
গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা	গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা	৩২৫৭২০৬	সম্মানী ভাতা	০.৫০	--	০.৫০
		৪১১১১০১	আবাসিক ভবন	--	৭৭৩.০০	৭৭৩.০০
		৪১১১৪০১	ল্যান্ডস্কেপিং	--	১.৫০	১.৫০
গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা	গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা	৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জাম	--	৪২৫.০০	৪২৫.০০
মোট=				০.৫০	১১৯৯.৫০	১২০০.০০

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/৬৪১/১(১০) তারিখ-২০/০৮/২০২৩খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট= ১২০০.০০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪০৩০৯০০-৩২৫৭২০৬, ৪১১১১০১, ৪১১১৪০১ ও ৪১১২৩০৩ খাতসমূহে ২০২৩-২০২৪ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি- বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভিত)।

ঘ) অর্থ ব্যয়/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।